



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd


ফোন:
৮১৮০১৪৪
ফ্যাক্স:
৮১৮৯০২৯

নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.২৫৫.১৩- ২৫৬

তারিখঃ ২২/১/২০১৫ খ্রি:।

বিষয়ঃ চৌগাছা উপজেলার মাঠসংগঠক কর্তৃক অর্থ আত্মসাৎ এর বিষয়ে তদন্ত।

বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারমূলক প্রকল্প হিসেবে বরিশাল ও খুলনা বিভাগের ১৫টি জেলার ৫৯টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পভূক্ত যশোর জেলার চৌগাছা উপজেলায় কর্মরত মাঠ সংগঠক জনাব বিজয়া রানী পাল কর্তৃক সুফলভোগীদের মাঝে বিতরণকৃত ঋণের আদায়কৃত অর্থ পাশ বহিতে কম এন্ট্রি দিয়ে যথাযথভাবে প্রকল্পের ব্যাংক হিসেবে জমা প্রদান না করে আত্মসাৎ করেছেন মর্মে অভিযোগ রয়েছে। তাছাড়া তার বিরুদ্ধে উর্ধতন এবং অধঃস্তন কর্মকর্তা/কর্মচারীদের সংগে অফিস শৃংখলা পরিপন্থী কর্মকাণ্ডের অভিযোগ রয়েছে। আপনি/আপনার অধীনস্থ কোন কর্মকর্তা দ্বারা সরেজমিনে তদন্তপূর্বক উক্ত মাঠ সংগঠক কর্তৃক পরিচালিত সমিতিসমূহের আত্মসাৎকৃত অর্থের পরিমাণ এবং তার অফিস শৃংখলা পরিপন্থী কর্মকাণ্ডের সত্যতা যাচাইপূর্বক ২০ কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।


প্রকাশ চন্দ্র দাস
প্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপপরিচালক,
বিআরডিবি, যশোর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-

- ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চৌগাছা উপজেলা, যশোর।
- ২। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, চৌগাছা উপজেলা, যশোর।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৪। পরিচালক (সরেজমিন), মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৫। অফিস নথি।